বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট
www.barc.gov.bd
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
০২ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.২৩.৪৬

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর কার্যক্রম ১.২ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক স্টেকহোল্ডার সমন্বয়ে অনুষ্ঠিত ৪র্থ অবহিতকরণ সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ আলোকে ১.২ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক স্টেকহোল্ডার সমন্বয়ে অবহিতকরণ ৪র্থ সভা ড. মো: ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি এর সভাপতিত্বে গত ২৫ জুন ২০২৪ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় তুলা উন্নয়ন বোর্ডের কনফারেন্স রুম (তুলা ভবন, ২য় তলা)-এ অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সভার কার্যবিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০২-০৭-২০২৪
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান
+৮৮০২-৪১০২৫২৫২

সদস্য পরিচালক ও পরিচালক, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।।

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
০২ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.২৩.৪৬/১ (৪)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়;
২। উপসচিব, মনিটরিং ও রিপোর্টিং শাখা, কৃষি মন্ত্রণালয়;
৩। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো) এবং
৪। সিনিয়র রিপ্রগ্রাফিক অফিসার, লাইব্রেরী এন্ড রিপ্রোগ্রাফিক শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

০২-০৭-২০২৪
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

**সকল সংযুক্তিসমূহ:**
(১) স্টেকহোল্ডার সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী (৪র্থ প্রান্তিক)

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
## নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.barc.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর আলোকে 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ৪র্থ সভা' এর কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি। |
| সভার তারিখ | ঃ | ২৫ জুন ২০২৪ খ্রি. |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | কনফারেন্স রুম, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, ঢাকা। |
| উপস্থিতির তালিকা | ঃ | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন, প্রধান ট্রেনিং অফিসার, জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট, বিএআরসি ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ নির্ধারিত দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর কার্যক্রম [১.২] অনুসারে 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের (Stekholder) সমন্বয়ে অবহিতকরণ সভা' আয়োজনের নির্দেশনা আছে। সে অনুসারে বিএআরসি প্রদত্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা সম্পর্কে স্টেকহোল্ডারদের অবহিত করার উদ্দেশ্যে ৪র্থ সভার আয়োজন করা হয়েছে। তিনি সভায় আরও উল্লেখ করেন সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তাবায়নের লক্ষ্যে নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা গ্রহীতা, সাংবাদিক ও সুশীল সমাজের প্রতিনিধিদের আমন্ত্রণ জানানো হয়েছে।

২। সভাপতি উপস্থিত সকলকে সভার লক্ষ্য, উদ্দেশ্য ও গুরুত্ব সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি সরকারি দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, এর মাধ্যমে সেবা সংক্রান্ত তথ্য নাগরিকের নিকট সহজলভ্য হয়, সেবা কার্যক্রমে নাগরিকের অংশীদারিত্ব বৃদ্ধি এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিএআরসি প্রদত্ত সেবা সম্পর্কে বিএআরসি এর অংশীজনদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অবহিত হওয়া প্রয়োজন। এর ফলে কাউন্সিলের সেবা, সেবা প্রদানের সময়, নির্ধারিত ফি, সেবা প্রদান পদ্ধতি ইত্যাদি বিষয়ে অংশীজনদের স্বচ্ছ ধারণা তৈরী হবে। অতঃপর তিনি ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি কে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল প্রদত্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা সম্পর্কে স্টেকহোল্ডারদের অবিহিত করার অনুরোধ জানান।

৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা বিএআরসি-এর সিটিজেন চার্টারভুক্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা এর আবেদন পদ্ধতি, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সেবা প্রদানের সময়সীমা ইত্যাদি বিষয় উপস্থাপন করেন। সার ও সার উৎপাদনের কাঁচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ; গ্রন্থাগার ও তথ্য সেবা; কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান ইত্যাদি নাগরিক সেবার বিষয়ে তিনি বিশদভাবে উপস্থাপন করেন। এছাড়াও তিনি বর্তমানে বাংলাদেশ উত্তম কৃষি চর্চার (GAP) মানদন্ড সরবরাহ এবং GAP এর সার্টিফিকেশন মার্কস/লোগো দুটি নতুন গুরুত্বপূর্ণ সেবা বিষয়ে আলোচনা করেন।

৪। তিনি আরো বলেন, সরকারি যে কোন প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী সংস্থা, সেবাদানকারী প্রতিষ্ঠানের আওতাধীন অধিদপ্তর/সংস্থা/কার্যালয় এবং দাপ্তরিকভাবে সম্পৃক্ত দেশি/বিদেশি বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে প্রদত্ত সেবাকে প্রাতিষ্ঠানিক সেবা বলে। কাউন্সিলের প্রাতিষ্ঠানিক সেবাসমূহ যেমন: মন্ত্রণালয়/প্রতিষ্ঠান কর্তৃক যাচিত তথ্য/প্রতিবেদন প্রদান; সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রণয়ন; পিএইচডি বৃত্তি ও গবেষণা অনুদান প্রদান, বিদেশ প্রশিক্ষণ, কম্পিউটার ল্যাব সুবিধা ও জুম সহায়তা প্রদান ইত্যাদি। এছাড়াও কাউন্সিলের সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা এর কর্মকর্তা-কর্মচারীদের প্রদত্ত সেবাকে অভ্যন্তরীণ সেবা বলে। যেমনঃ সিপিএফ অগ্রিম/চুড়ান্ত মঞ্জুরী, কল্যাণ তহবিল, গোষ্ঠী বীমা, গ্রাচ্যুইটি, পিআরএল মঞ্জুর, ছুটি নগদায়ন ইত্যাদি।

৫। সভাপতি বলেন, কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে বিএআরসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়। এখানে সেবা গ্রহীতাদের সেবা গ্রহণে সেবা প্রদান পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমা, সেবার মূল্য, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ সংক্রান্ত তথ্য সুনির্দিষ্টভাবে বিবৃত করা রয়েছে।

৬। সভাপতি সভায় অংশগ্রহণকারীদের বিএআরসি এর প্রদত্ত প্রতিশ্রুত সেবা সম্পর্কে আলোচনা ও মতামতের আহবান জানান। সভায় নার্সভুক্ত প্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠান, জনপ্রতিনিধি, সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধি ছাড়াও বিএআরসি এর কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় বিএআরসি এর প্রদত্ত সেবা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

৬.১ সভায় বিএআরসি'র নাগরিক সেবা এর অর্ন্তভূক্ত সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়ার উপর আলোচনা করা হয়। উক্ত সেবার আওতায় ০৫ টি বেসরকারি সেবাগ্রহীতা প্রতিষ্ঠান (১) এসিআই ফার্টিলাইজার লিমিটেড (২) এগ্রোস্যাল লিমিটেড (৩) আরজিল এনই বাংলাদেশ (৪) স্কয়ার ফামাসিউটিক্যালস্ পিএলসি (৫) ইস্পাহানি এগ্রোঃ লিঃ এর প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

৬.২ কৃষিবিদ মোঃ হাফিজ আহমেদ স্কয়ার ফামাসিউটিক্যালস্ পিএলসি এর সিনিয়র প্রোডাক্ট এক্সিকিউটিভ অনুরোধ করেন যে সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়ার সেবাটির আবেদনের পাশাপাশি আরোও কিছু বিষয় অনলাইনে প্রদান করা যেতে পারে। যেমন বিভিন্ন সেবা সংশ্লিষ্ট বিভিন্ন মিটিং এর তারিখ আবেদনের অবস্থা ইত্যাদি বিষয়গুলো অনলাইন ব্যবস্থায় অন্তর্ভুক্ত থাকলে এসকল তথ্য জানার জন্য অফিসে আসতে হবে না।

৬.৪ মোঃ সাইফুল ইসলাম ভূঁইয়া, এক্সিকিউটিভ, রেগুলেটরি এ্যাফেয়ার্স, ইস্পাহানি এগ্রো লিমিটেড এর প্রতিনিধি সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ সেবাটির দ্রুততম সময়ে দেবার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। তিনি এলক্ষ্যে এ সেবাটি যতখানি সম্ভব অনলাইন ভিত্তিক করার প্রস্তাব রাখেন। তিনি বিভিন্ন প্রয়োজনীয় ডকুমেন্ট অনলাইনে সরবরাহ ও বিভিন্ন গুরুত্বপূর্ণ তারিখ ও আবেদনের অগ্রগতি যাতে অনলাইনে জানা যায় এ ধরনের একটি সিস্টেম তৈরির অনুরোধ করেন।

৬.৫ মো: ইব্রাহীম জোবায়ের, অফিসার মার্কেটিং (এগ্রিকালচার), আরজিল এনই ল্যাব টেস্টের ব্যবস্থা দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করা ও প্রাথমিক তথ্য তাদের জানিয়ে দেবার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। এবং এ লক্ষ্যে সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ সেবাটির সাথে সম্পৃক্ত ল্যাব সমূহের সক্ষমতা বৃদ্ধি ও ল্যাবের সংখ্যা বৃদ্ধির বিষয়টি বিবেচনার অনুরোধ করেন। তিনি যোগ করেন যে বছরের কিছু নির্দিষ্ট সময়ে জাতীয় কমিটির জাতীয় কমিটির মিটিং আয়োজন এবং মিটিং কখন হতে পারে তার সম্ভাব্য সময় সমন্ধে ধারণা সেবাগ্রহীতাগণ সে অনুযায়ী তাদের পরিকল্পনা সাঁজাতে পাড়বেন ফলে অর্থনৈতিক ক্ষতি রোধ করা সম্ভব হবে।

৭। সভাপতি সভায় উত্থাপিত বিষয়গুলো গুরুত্বের সাথে বিবেচনার আশ্বাস প্রদান করেন। তিনি বিশেষ করে সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ সেবার ক্ষেত্রে নার্সভুক্ত যে সকল সকল প্রতিষ্ঠানের ল্যাব সুবিধা আছে সে সকল প্রতিস্তানে থেকে দ্রুততম সময়ে নমুনা পরীক্ষার জন্য এ সকল প্রতিষ্ঠানকে আহ্বান জানান।

৮। সিদ্ধান্ত: সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ৮.১ | অনলাইন ভিত্তিক সার বিনির্দেশ সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি ও কম্পিউটার ও জিআইএস ইউনিট, বিএআরসি |
| ৮.২ | দ্রুততম সময়ের মধ্যে সভা আয়োজন ও সভার সিদ্ধান্ত আবেদনকারীদের জানিয়ে দেবার ব্যবস্থা করা; | প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি |

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ৮.৩ | জাতীয় কমিটির সভা একটি পূর্বঘোষিত সময়সীমা অনুযায়ী করা যায় কিনা তা বিবেচনার জন্য উদ্যোগ গ্রহণ; | প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি |
| ৮.৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রাতিষ্ঠানিক সেবা প্রদান বিষয়ে ব্যবস্থা গ্রহণ; | বিএআরসি এর সকল বিভাগ/ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ৮.৫ | সভার সিদ্ধান্ত/সুপারিশ যথাসময়ে বাস্তবায়ন করা; | বিএআরসি এর সকল বিভাগ/ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |

২৫/৬/২০২৪

(ড. মোঃ ছায়ফুল্লাহ)
সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ)
বিএআরসি।